গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

## 'টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি' সদরপুর, ফরিদপুর এরসভার কার্যবিবরণী'

সভাপতি: **শরীফ শাওন**
উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
সভার তারিখ ও সময়: ৩১/০৩/২০২৬ খ্রি: সময়: বেলা ১২.৩০ ঘটিকা।
সভার উপস্থিতি: পরিশিষ্ট "ক" সন্নিবেশিত করা হল।
সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তবলী গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ক্ষুধা, দারিদ্র্য ও বৈষম্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরের পাশাপাশি বিভিন্ন এনজিওসমূহ এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সমন্বয়সাধন ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে কাজ করে থাকে। সরকারি, বেসরকারি সংস্থাসমূহের কাজেও সমন্বয় প্রয়োজন। এনজিওসমূহের কাজ পরিবীক্ষণ করা এবং নিয়মিত সভা আয়োজন করে অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা আবশ্যক বিবেচনায় সভায় সবিস্তার আলোচনা করা হয়। | উপজেলার সকল সরকারি, বেসরকারি সংস্থাসমূহের কাজে সমন্বয়সাধনে তিনমাস অন্তর সভার মাধ্যমে অগ্রগতি পর্যালোচনার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর।<br>ও<br>এনজিও সংস্থাসমূহ, সদরপুর, ফরিদপুর। |
| ২ | সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ঠসমূহ ২০৩০ অর্জন নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ে সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং ব্যক্তিখাতে পরিচালিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য "টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি" গঠন করা হয়েছে। এসডিজি'র আঞ্চলিকীকরণ বিষয়ে সর্বশেষ অগ্রগতি নিয়ে আলোচনা হয়। অত্র সদরপুর উপজেলার জন্য নির্ধারিত লক্ষভুক্ত বিষয়টি হচ্ছে 'প্রাথমিক পর্যায়ে ঝড়ে পড়া শিক্ষার্থীর হার শুন্য (০) শতাংশে নামিয়ে নিয়ে আসা' যা বিগত ২০১৯ সালে মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক গৃহিত হয়। সদরপুর উপজেলার বর্ণিত লক্ষ মাত্রা বাস্তবায়নে সর্বশেষ অগ্রগতি ও আগামীর পরিকল্পনা বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বিস্তারিত মতামত ও পরিকল্পনা উল্লেখ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ঝরে পড়া শিক্ষার্থীর হার শুন্য (০) শতাংশে নামিয়ে আনার আঞ্চলিক বা স্থানীয় লক্ষমাত্রা বাস্তবায়নে প্রতি তিন (০৩) মাসে সকল মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত অভিভাবক সমাবেশ আয়োজন ও উক্ত আয়োজনে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সম্পৃক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সদরপুর<br><br>০২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর। |
| ৩ | উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান যে, এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নে মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত শিক্ষার্থীদের স্যানিটেশন, পরিষ্কার পরিচ্ছন্নতা, স্বাস্থ্য সচেতনতা, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সুরক্ষা ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে সচেতনতামূলক সভা আয়োজন করা যেতে পারে। সভায় তিনি বেগম কাজী জেবুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও বিশ্ব জাকের মঞ্জিল সরকারি উচ্চ বিদ্যালয়ে স্বাস্থ্য সচেতনতামূলক সভায় আলোচক হিসেবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা বিশেষজ্ঞ কোন কর্মকর্তাকে আলোচক হিসেবে থাকবার বিষয়ে প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বেগম কাজী জেবুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও বিশ্ব জাকের মঞ্জিল সরকারি উচ্চ বিদ্যালয়ে স্বাস্থ্য সচেতনতামূলক সভা আয়োজন ও উক্ত সভায় শিক্ষার্থীদের বর্ণিত বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আলোচক হিসেবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা বিশেষজ্ঞ কোন কর্মকর্তাকে বক্তব্য রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর<br><br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদরপুর |

| | | | |
|---|---|---|---|
| ৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, টেকসই উন্নয়ন অভীষ্ট সমূহ অর্জনে সরকারি-বেসরকারি সর্বস্তরের সমন্বয়ের প্রয়োজন রয়েছে। সরকারি সকল দপ্তর সংস্থার মধ্যে কোন কোন প্রতিষ্ঠান ১৭টি গোলের কোন গুলো নিয়ে কাজ করছে এবং অত্র উপজেলায় সেটির বর্তমান অগ্রগতি ও বাস্তবায়নে প্রধানতম চ্যালেঞ্জগুলো কী কী তা এ সভার আলোচনায় নিয়ে আসা প্রয়োজন এবং উদ্ভুত চ্যালেঞ্জ উত্তোরণের পথ খুঁজে বের করা আবশ্যক। | টেকসই উন্নয়ন অভীষ্ট সমূহ বাস্তবায়নে প্রধানতম চ্যালেঞ্জগুলো কী কী তা সংশ্লিষ্ট দপ্তর/এনজিও গুলোকে চিহ্নিত করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগ সদরপুর, ফরিদপুর।<br>ও<br>বেসরকারি এনজিও সংস্থাসমূহ সদরপুর, ফরিদপুর। |
| ৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নে উপকারভোগীর একটি সমন্বিত ডাটাবেইজ থাকা প্রয়োজন। এতে একই ব্যক্তির বারবার সেবা গ্রহণের সম্ভাবনা কমে যাবে। তিনি বলেন যে, ডাটাবেইজের জন্য একটি ইউনিক ছক থাকা আবশ্যক। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | একটি সমন্বিত ডাটাবেইজ তৈরি ও ইউনিক ছক প্রস্তুতের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত ছক মোতাবেক সকল দপ্তরের সেবাগ্রহীতার তালিকা প্রস্তুতের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৬ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে তাঁর দপ্তরে সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপজেলায় কৃষকদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে, সার বীজ সরবরাহ করা হচ্ছে; খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে অত্র উপজেলায় কৃষি দপ্তরের তত্ত্বাবধায়নে ব্যাপক কর্মযজ্ঞ চলমান রয়েছে। | খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে নিয়মিত কৃষকদের প্রশিক্ষণ ও দক্ষতাবৃদ্ধিতে আধুনিকযন্ত্রপাতি ব্যবহারে উৎসাহ ও প্রনোদনা প্রদানে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা সদরপুর, ফরিদপুর |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১.৩.২৬

শরীফ শাওন
সভাপতি
টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs)
বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৬- ১২১

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। জেলা প্রশাসক, ফরিদপুর।
২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৪। উপজেলা.................................কর্মকর্তা, (সকল দপ্তরপ্রধানগণ) সদরপুর, ফরিদপুর।
৫। চেয়ারম্যান ................................. ইউনিয়ন পরিষদ (সকল), সদরপুর, ফরিদপুর।
৬। জনাব...........................প্রতিনিধি............সদরপুর, ফরিদপুর।

৩১.০৩.২০২৬

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs)
বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি